DEC. 23 2000

দৈনিক ইত্তেফাক

তারিখ ........ পৃষ্ঠা ১০ কলাম ৬....

97

# জাতিসংঘ ভার্সিটি ও চট্টগ্রাম ভার্সিটির মধ্যে সম্মতিপত্র স্বাক্ষর

চট্টগ্রাম অফিস ।। মাকাউতে অবস্থিত জাতিসংঘ বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মধ্যে কম্পিউটার বিজ্ঞানে শিক্ষকদের প্রশিক্ষণ দানের উদ্দেশ্যে সম্প্রতি এক সম্মতিপত্র স্বাক্ষরিত হইয়াছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পক্ষেভারপ্রাপ্ত রেজিষ্ট্রার ডঃ জহুরুল আলম চৌধুরী ও জাতিসংঘ বিশ্ববিদ্যালয়ের পক্ষে বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল ইনষ্টিটিউট ফর সফটওয়ার টেকনোলজি-এর পরিচালক প্রফেসর ঝাও চাওচেন উক্ত সম্মতিপত্রে স্বাক্ষর করেন।

এই সম্মতিপত্রের আওতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নব প্রতিষ্ঠিত কম্পিউটার বিজ্ঞান বিভাগে শিক্ষকতা ও উন্নয়নের ক্ষেত্রে যে সকল শিক্ষক অবদান রাখিবেন তৃতীয় দেশ তাহাদের স্বল্পকালীন মেয়াদের জন্য প্রশিক্ষণে প্রেরণ করা হইবে। প্রাথমিকভাবে এই সম্মতিপত্রের মেয়াদ হইবে দুই বৎসর। পরবর্তীতে ইহা নবায়ন করা হইবে।